

এই হ্যান্ডআউটটি আপনার সাথে শেয়ার করা হয়েছে কারণ আপনার সন্তান প্রত্যাশা অনুযায়ী ভাষার ব্যবহার করছে না। আপনার সন্তানের ভাষা বিকাশে সহায়তার জন্য বাড়িতে নীচের কৌশলগুলি ব্যবহার করার বিষয়টি বিবেচনা করুন।

সুযোগ তৈরি করা

একেক বারে অল্প জিনিস তাকে দিয়ে আপনার সন্তানকে সুযোগ দিন অনুরোধ করার জন্য, এবং জিনিসগুলোকে তাদের নাগালের বাইরে কিন্তু যেন দেখতে পায় এমনভাবে রাখুন যাতে সে এগুলো পাওয়ার জন্য অনুরোধ করতে হয়। সে যেটা চাইছে সেটা দেখার, কাছে যাওয়ার, নির্দেশ করার বা বলার জন্য অপেক্ষা করুন। উদাহরণ স্বরূপ:



বুদবুদ - আপনি বুদবুদ উড়িয়ে দেওয়ার পরে থামুন, আপনার সন্তানের দিকে তাকান এবং অপেক্ষা করুন আরও করার জন্য সে ইঙ্গিত করে কিনা।

হালকা খাবার - যেমন, তাকে অল্প পরিমাণে খাবার দিয়ে বাকিটা ধরে রাখুন এবং দেখুন আরও দেওয়ার জন্য সে আপনাকে অনুরোধ করে কিনা।

বেছে নেওয়ার সুযোগ দিন যদি সম্ভব হয় (যেমন খাবার/বই/রঙ), সাধারণত যে জিনিসটি সে সচরাচর বেছে নেয় সেটা তাকে না দিয়ে, বিভিন্ন জিনিস থেকে তাকে বেছে নেওয়ার সুযোগ তৈরি করে দিন। আপনি লেবেল দিয়ে প্রতিটি দ্রব্য তার সামনে রাখুন যেমন 'জুস না দুধ?'

খেলার সময় আপনার সন্তানকে **প্রতীকী শব্দ** তৈরি করতে উৎসাহ দিন, যেমন...

- মুউউ
- মিয়াও
- উফ উফ
- চুউউ চুউউ (ট্রেন এর জন্য)
- ব্রুউউমম (গাড়ির জন্য)



আপনি কেনো শব্দ বলার সময় **সহজবোধ্য অঙ্গভঙ্গি ব্যবহার করুন** (যেমন আপনি যখন 'খাও' শব্দটি বলবেন তখন খাওয়ার ভান করুন)।

এগুলো আপনার সন্তানকে শব্দগুলো বুঝতে এবং বলতে শুরু করতে সাহায্য করবে। কিছু প্রারম্ভিক মেকাটন সঙ্কেতের জন্য অপর পৃষ্ঠায় দেখুন।

বিভিন্ন শ্রেণী থেকে নির্বাচিত শব্দ

কোনো বস্তুর সাথে ওগুলোর ছবি মেলানোর খেলা শিশুদেরকে তাদের ঐ শ্রেণীর জানা শব্দের সাথে সংযোগ তৈরি শিখতে সাহায্য করতে পারে।

যেহেতু তারা নতুন শব্দ শিখেছে, এটি তাদের শব্দের ভান্ডারে 'নতুন' শব্দ যোগ করতে সাহায্য করে যা তারা ইতিমধ্যে জানে যে ঐ শ্রেণীতে একই ধরনের শব্দ রয়েছে।

যেমন খাদ্য বনাম প্রাণী, জামাকাপড় বনাম খাদ্য, জঙ্গলের প্রাণী বনাম খামারের প্রাণীর ছবি আলাদা করে সাজানো।

মন্তব্য করা

আপনার সন্তান কী করছে লক্ষ্য করুন এবং সেটা নিয়ে কথা বলুন।

আপনার সন্তানের উপযোগী বা তার সামান্য উঁচু স্তরের ছোট ও সহজ বাক্য ব্যবহার করুন। সে যদি একটি শব্দ বলে...তখন এক বা দুই শব্দের বাক্য ব্যবহার করুন। আপনার চাহিদা অনুযায়ী এমন ভাষা ব্যবহার করুন যা সে অনুসরণ করতে পারে।

- যেমন: আপনার সন্তান যা নিয়ে খেলছে সেটার প্রতি দৃষ্টি রাখুন এবং সে যা করছে তা নিয়ে কথা বলুন:
- 'ড্রাইভিং, ওহ-ওহ...সংঘর্ষ, পড়ে গেছে, পিপ পিপ, উপরে চালাও, নীচে চালাও, লোক চালাচ্ছে, থামো! যাও' প্রভৃতি।

প্রশ্ন করা কমিয়ে দেওয়া

আপনার সন্তান যেটা জানে না সেটা নিয়ে পরীক্ষা নীরক্ষা না করে, যতটা সম্ভব তাকে এমন কিছু বলুন যাতে তারা এটি শিখতে পারে।

ছড়াগান গান আপনার সন্তানের সাথে। কর্মকাল্ডে থাকুন!

তাদেরকে একাঙ্গে আপনার সাথে যোগ দিতে সাহায্য করুন। মাঝে মাঝে থামুন এবং দেখুন তারা শূন্যস্থান পূরণ করে কিনা।



পুনরাবৃত্তি করুন এবং আপনার সন্তানের শব্দভান্ডারে যোগ করুন

আপনার সন্তান কী বলেছে শুনুন এবং আপনি শব্দটি যেভাবে বলাতে চান সেভাবে বলে তাকে অনুকরণ করতে বলুন। আপনার সন্তান যোগাযোগ করলে তাতে সাড়া দিন এবং ধারণা তৈরি করুন। যেমন;

- আপনার সন্তান একটি গাড়ির প্রতি ইঙ্গিত করে একটি আওয়াজ করল। আপনি তাকে বললেন "গাড়ি"।
- আপনার সন্তান একটি একক শব্দ বললো, "গাড়ি"। আপনি তাকে দুই শব্দের একটি বাক্য বললেন, "গাড়ি যায়, গাড়ি চালাও"।






বস্তু ও কাজ একত্রে জোড়া দিতে উৎসাহ দিন, যেমন;

- "চুল আঁচড়াও", "কেক খাও", "বেবি গোসল"

আপনার সন্তানের 2 টি শব্দ একসাথে জোড়া দেওয়া শুরু করার আগে তার জানা শব্দভান্ডারে প্রায় 50টি একক শব্দ থাকতে হবে।

Makaton সঙ্কেত/ইঙ্গিত

- যোগাযোগের একটি কার্যকর পদ্ধতি, যা এমন শিশুদের হতাশা দূর করতে পারে যারা নিজেদেরকে প্রকাশের প্রাথমিক মাধ্যম হিসাবে মৌখিক ভাষা ব্যবহার করতে সক্ষম হয় না।
- সঙ্কেত ব্যবহার শিশুদের কথা বলা বন্ধ করবে না, কারণ যখন তারা শব্দ বলতে শুরু করে তখন স্বাভাবিকভাবেই সঙ্কেত ব্যবহার বাদ দিয়ে দেয়। সর্বদা সঙ্কেত ব্যবহারের সাথে শব্দটি উচ্চারণ করুন।
- সহজ, এবং সহজে চেনা যায় এমন সঙ্কেত দিয়ে শুরু করুন বা অ্যাকশনের সাথে গান গাইতে পারেন।

শব্দ	সঙ্কেত
আরো (বাম হাতের আঙুল মুষ্টিবদ্ধ করে রেখে ডান হাতের তালু উপরে নিয়ে আসুন)	
সাহায্য (এক হাতের খোলা তালুতে অন্য হাত মুষ্টিবদ্ধ করে এরপর উভয় হাত দূরে সরিয়ে দিন।)	
শেষ (দুহাত মুষ্টিবদ্ধ করে বুকের উপরে আনুন, এবার হাতদুটো নীচের দিকে নামিয়ে এনে মুঠ খুলে দিন)	
খাওয়া	 দুবার টোকা মারুন
পান করা	
টয়লেট (হাত বিপরীত দিকের কাঁধের কাছে রাখুন এবং মধ্যম আঙুল দিয়ে বুকের উপরে ঘসা দিন - পুরো হাত ব্যবহার করা যাবে, যদি সহজ লাগে)	